

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৪৩

তারিখ: ১৬ মার্চ ২০১৮

বিষয় : ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের ফেব্রুয়ারি ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৭ মার্চ ২০১৮, সময় : সকাল ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃঢ়ীকরণ করা হয়। গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা।	(ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী বিগত ফেব্রুয়ারি ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থাপিত তথ্যে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পন্নকৃত কেইসের সংখ্যা কম হওয়ায় মহাপরিচালক মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। আগামী মাসে নিষ্পন্নকৃত কেইসের সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।	আগামী মাসে কেইস নিষ্পত্তির সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।	পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	ইআরপি সিস্টেম ব্যবহার	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের সকল কার্যক্রম ইআরপি সিস্টেম এর আওতায় আনয়নের লক্ষ্যে সফটওয়্যার কোম্পানীর সাথে এসআরএস অনুযায়ী সফটওয়্যার তৈরী এবং সফটওয়্যার ব্যবহার উপযোগী হয়েছে কিনা তা নিশ্চিত করা প্রয়োজন। সফটওয়্যার অসম্পন্ন অথবা ব্যবহার অনুপযোগী হলে উক্ত সমস্যা উদ্ঘাটনপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে তা সমাধান করতে হবে,	সফটওয়্যার কোম্পানীর সাথে এসআরএস অনুযায়ী সফটওয়্যার তৈরী এবং ব্যবহার উপযোগী হয়েছে কিনা বিষয়টি নিশ্চিত করতে হবে। সফটওয়্যার অসম্পন্ন অথবা ব্যবহার অনুপযোগী হলে সমস্যা উদ্ঘাটনপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে তা সমাধান করতে হবে, অন্যথায় কোম্পানীর	পরিচালক (আইআরপি) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

